

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪১৫

কৈলাসহর, ৩০ সেপ্টেম্বর, ২০২৪

বিশ্ব পর্যটন দিবস

**প্রত্নতাত্ত্বিক পর্যটন কেন্দ্র উনকোটিতে সাফাই অভিযান**

বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে উনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে গত ২৭ সেপ্টেম্বর প্রত্নতাত্ত্বিক পর্যটন কেন্দ্র উনকোটিতে সাফাই অভিযানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উনকোটি প্রত্নতাত্ত্বিক পর্যটন কেন্দ্রের প্রবেশ পথ থেকে উনকোটি পর্যটন কেন্দ্রের বিভিন্ন স্থানে এই সাফাই অভিযান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিতি ছিলেন জেলাশাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলাশাসক অর্ধ্য সাহা, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার, জেলা শিক্ষা আধিকারিক প্রশাসন কিলিকদার, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহাধিকর্তা বিশ্বজিৎ দেব প্রমুখ। সাফাই অভিযানে জেলার বিভিন্ন সরকারি কার্যালয়ের আধিকারিক ও কর্মী, বেসরকারি সংস্থার সদস্য, বিদ্যালয়ের ছাত্রছাত্রী, আসাম রাইফেলস, পুলিশ, টিএসআর এবং বিএসএফ-এর জওয়ানগণ অংশ নেন। তাছাড়াও বিশ্ব পর্যটন দিবস উদযাপন উপলক্ষে উনকোটি থেকে কৈলাসহরের চিরাকুটি পর্যন্ত এক ম্যারাথন দৌড়েরও আয়োজন করা হয়। জেলাশাসক পতাকা নেড়ে এই ম্যারাথন দৌড়ের সূচনা করেন।

\*\*\*\*\*